

## মাদারীপুর মহিলা কলেজে শিক্ষকের ১১ পদ শূন্য

### ■ মাদারীপুর প্রতিনিধি

জেলা সদরের সরকারি সুফিয়া মহিলা কলেজে শিক্ষকের স্টপদের অর্ধেক পদ বর্তমানে শূন্য। ১১টি প্রভাষকের পদ শূন্য থাকায় ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হচ্ছে। শূন্যপদে শিক্ষক নিয়োগের কোন উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, জেলার একমাত্র সরকারি মহিলা কলেজটিতে এক হাজার তিন শত ছাত্রী লেখাপড়া করে আসছে। ১৯৮৪ সালে স্থাপিত কলেজটিকে জাতীয়করণের পর প্রভাষকের ২৪টি পদ সৃষ্টি হয়। বর্তমানে স্টপদের প্রায় অর্ধেক পদই শূন্য রয়েছে।